

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৩/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ সোহরাব হোসেন

(সম্পাদক ও প্রকাশক, দৈনিক মুক্ত সংবাদ)

পিতা-মৃত দানেজ আলী

৩৮, পৌর সুপার মার্কেট

জয়দেবপুর, গাজীপুর।

প্রতিপক্ষ : জনাব মোঃ আমিনুল ইসলাম

সচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৮-০১-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ সোহরাব হোসেন ০৯-১০-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে গাজীপুর সিটি কর্পোরেশনের সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আমিনুল ইসলাম বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-  
সাবেক টঙ্গী পৌরসভার ১লা জানু: ২০০৯ থেকে ২৮ ফেব্রুয়ারী ২০১৩ খ্রি: পর্যন্ত টেন্ডার বিজ্ঞপ্তি সমূহের তথ্যের চাহিদাপত্র-

- ১) (ক) যে সব পত্রিকায় টেন্ডার বিজ্ঞপ্তি সমূহ প্রকাশিত হয়েছে সেগুলোর ফটোকপি।  
(খ) বিজ্ঞাপন ছাপানোর নির্দেশপত্র সমূহের ফটোকপি।  
(গ) বিল গ্রহণকারী পত্রিকা সমূহের রেটকার্ড (ডিএফপি কর্তৃক নির্ধারিত বিজ্ঞাপনের মূল্য হার)।  
(ঘ) পত্রিকাসমূহ কত টাকা কলাম ইঞ্চি হারে ওই সব বিজ্ঞাপন ছাপানোর বিল দাখিল করেছে এবং কত টাকা হারে বিল পরিশোধ করা হয়েছে?  
(ঙ) ঐ সব বিজ্ঞাপন বাবদ টাকা পরিশোধের বিল সমূহের ফটোকপি।
- ২) (ক) টেন্ডার বিজ্ঞপ্তি নং ৭, ৮, ৯ ও ১০/২০১২-২০১৩ অনুযায়ী এতে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের সিডিউলসহ এর সাথে জমা দেয়া কাগজপত্র/ পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের ফটোকপি।  
(খ) টেন্ডার বিজ্ঞপ্তি নং ৭, ৮, ৯ ও ১০/২০১২-২০১৩ এর বিক্রিত সিডিউলের তালিকা।  
(গ) কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধীকারীর নাম ও ঠিকানামোবাইল ফোন নম্বরসহ কার্যাদেশের ফটোকপি।  
(ঘ) কোন কাজের বিপরীতে কোন ঠিকাদারী প্রতিষ্ঠানকে কত তারিখে কত টাকা বিল প্রদান করা হয়েছে এর ভাউচারের কপি।  
(ঙ) ৭, ৮, ৯ ও ১০/২০১২-২০১৩ নং দরপত্রের কাজের বিপরীতে সিকিউরিটি মানি কোন প্রতিষ্ঠানকে কত তারিখে কত টাকা পরিশোধ করা হয়েছে তার ভাউচারের কপি।
- ৩) কাজের ইস্টিমেট সমূহের ফটোকপি।
- ৪) মিডিয়াভুক্ত নয় এবং ডিক্লারেশন নাই এমন পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে বলে অভিযোগের ব্যাখ্যা কি?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৮-১১-২০১৩ তারিখে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব সুলতান মাহমুদ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পাওয়ায় ২৪-১২-২০১৩ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৮-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ সোহরাব হোসেন; প্রতিপক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশনের সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আমিনুল ইসলাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। গাজীপুর সিটি কর্পোরেশনের সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে। অবশিষ্ট তথ্য প্রস্তুতপূর্বক অভিযোগকারীকে সরবরাহের জন্য সাথে নিয়ে এসেছেন এবং কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে অবশিষ্ট তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর অবশিষ্ট তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৬-০২-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার